প্রথম আলো

Date: 02.07.2016 **Page: 03**

ব্রির নতুন ডিজি

ভাগ্য রানী বণিক

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) নতুন মহাপরিচালক (ডিজি) হলেন ভাগ্য রানী বণিক। গত ২৯ জুন কৃষি মন্ত্রণালয়ের এক আদেশে তাঁকে এ পদে নিয়োগ দেওয়া হয়। তিনি ব্রির বিদায়ী মহাপরিচালক জীবন কৃষ্ণ বিশ্বাসের স্থলাভিষিক্ত হলেন। ভাগ্য রানী এর আগে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) হিসেবে দায়িত্ব পালন করেন। ব্রির সাড়ে চার দশকের ইতিহাসে এই প্রথম প্রতিষ্ঠানটির শীর্ষ পদে একজন নারীকে নিয়োগ দেওয়া হলো। বিজ্ঞপ্তি।

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

Date: 02.07.2016 Page: 04

ভাগ্য রানী বণিক ব্রি'র প্রথম নারী মহাপরিচালক

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরের বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মহাপরিচালক হিসেবে যোগদান করেছেন ড. ভাগ্য রানী বণিক। কৃষি মন্ত্রণালয়ের এক আদেশে তাকে এ পদে নিয়োগ দেওয়ার পর বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে কাজে যোগ দিয়েছেন তিনি। এর মধ্য দিয়ে তিনি বিদায়ী মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাসের স্থলাভিষিক্ত হলেন।

ধান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠার সাড়ে চার দশকের ইতিহাসে এবারই প্রথম মহাপরিচালক পদে একজন নারীকে নিয়োগ দেওয়া হয়েছে।

এর আগে ড. ভাগ্য রানী বণিক কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ কর্মকর্তা হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। ১৯৫৮ সালে কুমিল্লার বাঘমারায় জন্ম নেন ভাগ্য রানী বণিক। তিনি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮২ সালে বিএসসি এজি অনার্স ডিগ্রি ও ১৯৮৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। ২০০৩ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন তিনি।

Sangbad Online
প্রকাশনার ৬০ বছর
সংবাদ

Date: 02.07.2016 **Page: 04**

ধান গবেষণা ইনস্টিটিউট

প্রথম নারী ডিজি ড. ভাগ্য রানী বণিক

নিজস্ব বার্তা পরিবেশক

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) প্রথম নারী মহাপরিচালক হিসেবে যোগদান করেছেন ড. ভাগ্য রাণী বণিক। বৃহস্পতিবার কৃষি মন্ত্রণালয়ের এক আদেশে তাকে এ পদে নিয়োগ দেয়া হয় এবং গতকাল তিনি কর্মস্থলে যোগ দেন। শুক্রবার ব্রির প্রকাশনা ও জনসংযোগ বিভাগের প্রযুক্তি সম্পাদক মো. আবুল কাসেমের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, ড. বণিক এর আগে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ব্রির বিদায়ী মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাসের স্থলাভিষিক্ত হলেন। ড. ভাগ্য রানী বণিক ১৯৫৮ সালের ৩১ ডিসেম্বর কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বাঘমারায় জন্মগ্রহণ করেন।

তিনি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (সাবেক বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট) থেকে ১৯৮২ সালে বিএসসি (এজি অনার্স) ডিগ্রি লাভ করেন। ১৯৮৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে জেনেটিকস অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং এ স্নাতকোত্তর ও ২০০৩ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

BonikBarta

Date: 03.07.2016 Page: 02

ব্রির প্রথম নারী ডিজি ড. ভাগ্য রানী বণিক

নিজস্ব প্রতিবেদক ■

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মহাপরিচালক হিসেবে প্রেষণে নিয়োগ পেয়েছেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ভাগ্য রানী বণিক। গত ২৯ জুন কৃষি মন্ত্রণালয়ের এক আদেশে তাকে প্রতিষ্ঠানটির ৩৫তম মহাপরিচালক (ডিজি) হিসেবে নিয়োগ দেয়া হয়। প্রতিষ্ঠানটির প্রথন নারী ডিজি হিসেবে ড. ভাগ্য রানী ব্রির বিদায়ী ডিজি ড. জীবন কৃষ্ণ বিশ্বাসের স্থলাভিষিক্ত হবেন।

ড. ভাগ্য রানী বণিক ১৯৫৮ সালের ৩১ ডিসেম্বর কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বাঘমারা বাজার এলাকায় জন্মগ্রহণ করেন। ১৯৮৩ সালের ৫ সেপ্টেম্বর তিনি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেন। তিনি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (সাবেক বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট) থেকে ১৯৮২ সালে বিএসসি এজি অনার্স ডিগ্রি লাভ করেন। ১৯৮৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিংয়ে স্নাতকোত্তর ও ২০০৩ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

বিশিষ্ট ভুট্টা বিজ্ঞানী ড. ভাগ্য রানী বণিক চাকরি জীবনে কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত ছিলেন। জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত তার গবেষণা নিবন্ধের সংখ্যা ৩৭টি। গত ৩০ জুন বৃহস্পতিবার তিনি বিদায়ী মহাপরিচালকের কাছ থেকে দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে ব্রির পরিচালক প্রশাসন ও সাধারণ পরিচর্যা ড. মো. শাহজাহান কবীর, পরিচালক গবেষণা ড. মো. আনছার আলীসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানরা উপস্থিত ছিলেন।

Gazipurdarpon

Date: 01.07.2016 Page:

ব্রির নতুন মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিক

জুলাই ১, ২০১৬
কৃষি, জাতীয়
No Comment

Tweet 0 G+1 0 Pin it

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর নতুন মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিক।

নিজস্ব প্রতিবেদক:
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর মহাপরিচালক পদে বৃহস্পতিবার (৩০ জুন) যোগদান করেছেন ড. ভাগ্য রানী বণিক। গত ২৯ জুন কৃষি মন্ত্রণালয়ের এক আদেশে তাকে এ পদে নিয়োগ দেওয়া হয়।

ড. বণিক ইতোপূর্বে বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটের পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি ব্রির বিদায়ী মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাসের স্থলাভিষিক্ত হলেন। ব্রির সাড়ে চার দশকের ইতিহাসে এই প্রথম একজন মহিলা এর শীর্ষ পদে আসীন হলেন।

ড. বণিক ১৯৫৮ সালের ৩১ ডিসেম্বর কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বাঘমারায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৩ সালের ৫ সেপ্টেম্বর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেন। তিনি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (সাবেক বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট) থেকে ১৯৮২ সালে বিএসসি এজি অনার্স ডিগ্রি লাভ করেন। ১৯৮৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং এ স্নাতকোত্তর ও ২০০৩ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

বিশিষ্ট ভুট্টা বিজ্ঞানী ড. বণিক চাকুরি জীবনে কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত ছিলেন। জাতীয় ও আর্ন্তজাতিক জার্নালে প্রকাশিত তার গবেষণা নিবন্ধের সংখ্যা ৩৭টি। ব্রিতে গতকাল তার দায়িত্ব গ্রহণ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. শাহজাহান কবীর ও পরিচালক (গবেষণা) ড. মো. আনছার আলী ও প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন।

নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ

Date: 02.07.2016 Page: 15

ব্রি'র মহাপরিচালক হলেন ড. ভাগ্য রানী বণিক

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মহাপরিচালক পদে যোগদান করেছেন ড. ভাগ্য রানী বণিক। কৃষি মন্ত্রণালয়ের এক আদেশে বৃহস্পতিবার তাকে এ পদে নিয়োগ দেয়া হয়। ব্রি'র সাড়ে চার দশকের ইতিহাসে এই প্রথম একজন মহিলা এর শীর্ষ পদে আসীন হলেন। ড. বণিক ইতোপূর্বে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি ব্রি'র বিদায়ী মহাচরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাসের স্থলাভিষিক্ত হলেন।

যুগান্তর
THE DAILY JUGANTOR

Date: 02.07.2016 **Page:17**

ড. ভাগ্য রানী বণিক ব্রি'র মহাপরিচালক নিযুক্ত

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটের (ব্রি) মহাপরিচালক পদে যোগদান করেছেন ড. ভাগ্য রানী বণিক। কৃষি মন্ত্রণালয়ের এক আদেশে বৃহস্পতিবার তাকে এ পদে নিয়োগ দেয়া হয়। ড. বণিক ইতিপূর্বে বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটের পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি ব্রি'র বিদায়ী মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাসের স্থলাভিষিক্ত হলেন। ব্রি'র সাড়ে চার দশকের ইতিহাসে এ প্রথম একজন নারী এর শীর্ষ পদে আসীন হলেন। ড. বণিক ১৯৫৮ সালের ৩১ ডিসেম্বর কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বাঘমারায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৩ সালের ৫ সেপ্টেম্বর বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেন। তিনি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (সাবেক বাংলাদেশ কৃষি ইন্সটিটিউট) থেকে ১৯৮২ সালে বিএসসি এজি অনার্স ডিগ্রি লাভ করেন। ১৯৮৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং এ স্নাতকোত্তর ও ২০০৩ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। বৃহস্পতিবার ব্রি'তে তার দায়িত্ব গ্রহণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. শাহজাহান কবীর ও পরিচালক (গবেষণা) ড. মো. আনছার আলী ও প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগীয় প্রধানরা উপস্থিত ছিলেন।